

## আন্দোলনরত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের দাবি শিক্ষামন্ত্রী উচ্চ পর্যায়ে তুলে ধরবেন

ঢাকা, জানুয়ারি ১৪ :

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিন আজ রোববার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অফিসকক্ষে আন্দোলনরত বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকগণের দাবির বিষয়ে এক সভায় মিলিত হন। সভায় প্রতিমন্ত্রী কাজী কেরামত আলী উপস্থিত ছিলেন।

এ সময় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভুঁইয়া, অশোক কুমার বিশ্বাস ও রওনক মাহমুদ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. বিলাল হোসেনসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় আন্দোলনরত বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকগণের দাবি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। চলমান সংকট নিরসনে শিক্ষা মন্ত্রণালয় সক্রিয় প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। শীঘ্ৰই এ বিষয়ে প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীকে অবহিত করা হবে।

সভাশেষে শিক্ষামন্ত্রী বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি কাজী রঞ্জুল আমিন চৌধুরী ও মহাসচিব কাজী মোখলেছুর রহমানকে আমন্ত্রণ জানিয়ে সভার সিদ্ধান্ত অবহিত করে জাতীয় প্রেস ক্লাবের সামনে আন্দোলনরত আমরন অনশনকারী শিক্ষকগণকে নিয়ে ঘরে ফিরে যাবার অনুরোধ জানান। তিনি এই তীব্র শীতের মধ্যে আর কষ্ট না করার আহ্বান জানিয়ে বলেন, আপনাদের দাবি ও সমস্যা যথাযথভাবে আমরা প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর কাছে তুলে ধরবো। আপনারা ঘরে ফিরে যান।

প্রতিনিধিদ্বয় মন্ত্রীর প্রস্তাবে সাড়া দিয়ে বলেন, সারা দেশের শিক্ষক প্রতিনিধিগণ যেহেতু অনশনে আছে, সেখান থেকে ২০ জনের একটি প্রতিনিধিদলের সামনে এই প্রস্তাব তুলে ধরলে ভালো হয়। সেই অনুযায়ী বিকাল ৩:০০টায় আবার ২০ জনকে তাঁরা মন্ত্রীর অফিসকক্ষে নিয়ে আসেন। মন্ত্রী সম্প্রসারিত কলেবরের প্রতিনিধিগণের সামনে আবার আন্দোলনরত সকলকে ঘরে ফিরে যাবার অনুরোধ জানান। তাঁদের দাবি বিষয়ে শীঘ্ৰই প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর কাছে যথাযথভাবে তুলে ধরার আশ্চাস দেন।